



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রাজশাহী।

টেলিফোন : ৭৭২৩৮৩

"পুকুর লীজের টেন্ডার বিজ্ঞপ্তি"

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অধীনস্থ আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীর চত্বরে অবস্থিত ১,২,৩,৪ ও ৫নং সহ মোট ৫(পাঁচ)টি পুকুর শুধুমাত্র মাছ চাষের জন্য ৩ বৎসর মেয়াদী পুকুর লীজ গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী প্রদত্ত হলোঃ

১.	লীজ আহবানকারী কার্যালয়ের নাম	ঃ	আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী।
২.	পুকুর লীজের মেয়াদ কাল	ঃ	কার্যাদেশ ইস্যুর দিন থেকে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য।
৩.	টেন্ডার সিডিউলের মূল্য	ঃ	প্রতিটি টেন্ডার সিডিউলের মূল্য ২০০০/(দুই হাজার) টাকা মাত্র।
৪.	টেন্ডার সিডিউল বিক্রয়কারী অফিস	ঃ	উপ-পরিচালক আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীর হিসাব শাখা।
৫.	সিডিউল বিক্রয়ের সময়	ঃ	২৭/১১/২০১৯ইং তারিখ হতে ০৪/১২/২০১৯ইং তারিখ বিকাল ৫-০০টা পর্যন্ত।
৬.	টেন্ডার দাখিলের স্থান, তারিখ ও সময়	ঃ	আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী ও বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহীর প্রধান কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ০৫/১২/২০১৯ইং বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
৭.	টেন্ডার খোলার স্থান, তারিখ ও সময়	ঃ	আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী ০৫/১২/২০১৯ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২.৩০ ঘটিকায় টেন্ডার কমিটির সদস্যগণ ও উপস্থিত টেন্ডার দাতা (যদি কেহ উপস্থিত থাকেন) এর সম্মুখে টেন্ডার খোলা হবে।
৮.	সিডিউলে গৃহীত জামানতের পরিমাণ	ঃ	দরপত্রের সংগে মোট উদ্ধৃত মূল্যের ১০% অর্থ জামানত (ফেরতযোগ্য) হিসাবে উপ-পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংকের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে সংযুক্ত করতে হবে। জামানত বিহীন দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৯.	ভ্যাট ও উৎসে কর	ঃ	ভ্যাট ১৫% ও উৎসে কর ৫% হিসাবে লীজ অর্থের সংগে জমা দিতে হবে।
১০.	টেন্ডারের অন্যান্য শর্তাবলী	ঃ	লীজ টেন্ডার সিডিউলে বর্ণিত রয়েছে।

উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(মোঃ সেলিম হাসান)


উপ-পরিচালক,
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,
রাজশাহী।

তারিখঃ ২৬/১১/২০১৯

স্মারক নং-আরেসকা/রাজ/দরপত্র/ভান্ডার-১৬/১৯/ ২৫৯

জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্যঃ

- ১। সদস্য(অর্থ ও পরিঃ)/(সম্প্রঃ ও প্রেষণা)/(উৎঃ ও বাঃ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। সচিব, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। নির্ধারিত তারিখে একটি টেন্ডার বাক্স সংরক্ষনের জন্য অনুরোধ করা হলো।
- ৩। পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী।
- ৪। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬। জন-সংযোগ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহীকে বিজ্ঞপ্তি বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। স্টেশন মাস্টার, রেলওয়ে স্টেশন, রাজশাহী(পশ্চিমাঞ্চল), রাজশাহী।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া থানা, রাজশাহী।
- ৯। হিসাব রক্ষক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী।
- ১০। নোটিশ বোর্ড, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী।
- ১১। সংশ্লিষ্ট নথি কপি।


উপ-পরিচালক,
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,
রাজশাহী।